গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

**খাগড়াছড়ি পার্বত্য জেলা।**

www.khdc.gov.bd

## বৈসু,সাংগ্রাই,বিঝু (বৈ সা বি) ও বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতি: **জনাব মংসুইপ্রু চৌধুরী**
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।

সভার তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ঘটিকা
স্থান :জেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

**সভায় উপস্থিতি তালিকাঃ সংযোজনী- "ক"**

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান,পার্বত্য চট্টগ্রামের ঐতিহ্যবাহী সামাজিক উৎসব বৈসু, সাংগ্রাই,বিঝু অতি সন্নিকটে। পার্বত্য অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায় প্রতি বছর বিভিন্ন আচার অনুষ্ঠানের মাধ্যমে পুরাতন বর্ষকে বিদায় এবং নতুন বর্ষকে বরণ করে থাকে। শুধু ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায় নয়, এ অঞ্চলে বসবাসরত বাঙ্গালি জনগণও বাংলা নববর্ষ উপলক্ষে বিভিন্ন আচার অনুষ্ঠান পালন করে থাকেন । পার্বত্য চট্টগ্রাম চুক্তি (শান্তিচুক্তি) এর পর হতে তিন পার্বত্য জেলায় জেলা পরিষদের উদ্যোগে নানা কর্মসূচি আয়োজনের মাধ্যমে বাংলা পুরাতন বছরকে বিদায় এবং নতুন বছর'কে বরণ অনুষ্ঠান পরিচালিত হয়ে আসছে। তিনি জানান, এ বছর পার্বত্য জেলা পরিষদ জেলার সকল সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব , এনজিও, জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনের অংশ গ্রহনের মাধ্যমে আনন্দ উল্লাসের মধ্য দিয়ে বাংলা নববর্ষ ১৪৩০ কে বিদায় এবং বাংলা নববর্ষ ১৪৩১কে বরণ করতে চাই। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা ও মতামত কামনা করেন।

০২। সভায় পূর্ববর্তী বছরের অনুষ্ঠানসূচি এবং উপস্থিত বিভিন্ন ব্যক্তিবর্গের মতামতের ভিত্তিতে বিস্তারিত আলোচনাক্রমে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় বৈসু,সাংগ্রাই, বিঝু ও বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপনের বিষয়ে নিম্মরূপ অনুষ্ঠানসূচি গৃহীত হয়:

### ০৫এপ্রিল-০৯ এপ্রিল,২০২৪ পাঁচ দিন ব্যাপি গৃহীত কর্মসূচি

| তারিখ ও সময় | স্থান | কর্মসূচী |
|---|---|---|
| ০৫ এপ্রিল,২০২৪ সকাল ৯.০০টা | খাগড়াছড়ি টাউন হল প্রাংগন | দিনব্যাপি বর্নাঢ্য অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন,স্বাগত বক্তব্য এবং র‍্যালি শুরু। র‍্যালিটি টাউনহল প্রাংগন হতে শুরু হয়ে খাগড়াছড়ি শহর হয়ে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট প্রাঙ্গনে গিয়ে শেষ হবে। |
| ০৫ এপ্রিল,২০২৪ হতে ০৯ এপ্রিল,২০২৪ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট,খাগড়াছড়ি। | বৈসাবি মেলা,খেলাধুলা,আলোচনা সভা,সাংস্কৃতিক অনুষ্ঠান,গীতি নৃত্য নাট্য এবং বিভিন্ন প্রতিযোগিতা |

০৩। **গঠিত কমিটি:-**

**বৈ সা বি ও বাংলা নববষ উদযাপন কমিটি (পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

উপদেষ্টা :জনাব **কুজেন্দ্র লাল ত্রিপুরা**,এমপি,মাননীয় প্রতিমন্ত্রী,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

সভাপতি : **জনাব মংসুইপ্রু চৌধুরী, চেয়ারম্যান ,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।**

সদস্য : জেলা প্রশাসক,খাগড়াছড়ি।
পুলিশ সুপার,খাগড়াছড়ি।
খাগড়াছড়ি রিজিয়ন প্রতিনিধি।

মেয়র,খাগড়াছড়ি পৌরসভা,খাগড়াছড়ি।
চেয়ারম্যান,খাগড়াছড়ি সদর উপজেলা,খাগড়াছড়ি।
সম্মানিত সদস্য(সকল),পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।
অধ্যক্ষ, খাগড়াছড়ি সরকারী কলেজ।
অধ্যক্ষ,খাগড়াছড়ি সরকারী মহিলা কলেজ।
সিভিল সার্জন,খাগড়াছড়ি।
উপপরিচালক,ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউট,খাগড়াছড়ি।
জেলার পর্যায়ের বিভাগীয় প্রধান (সকল)।
প্রধান শিক্ষক,সকল উচ্চ বিদ্যালয়,খাগড়াছড়ি সদর।
জনাব সন্তোষিত চাকমা, সামাজিক ব্যক্তিত্ব ,খাগড়াছড়ি।
জনাব চৌধুরী আতাউর রহমান,সম্পাদক,দৈনিক অরণ্য বার্তা।
সভাপতি/সম্পাপদক,খাগড়াছড়ি প্রেস ক্লাব।
সভাপতি/সম্পাদক,খাগড়াছড়ি সাংবাদিক ইউনিয়ন।
জেলার সকল সাংবাদিক/সংবাদকর্মী।
সাধারণ সম্পাদক,খাগড়াছড়ি রেডক্রিসেন্ট ইউনিট।
ভারপ্রাপ্ত কর্মকর্তা,খাগড়াছড়ি সদর থানা।
জেলা কমিশনার, জেলা স্কাউটস,খাগড়াছড়ি।
সম্পাদক/কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,খাগড়াছড়ি।
সভাপতি/সম্পাদক, সকল সাংস্কৃতিক প্রতিষ্ঠান,জেলা সদর,খাগড়াছড়ি
সভাপতি/সম্পাদক,(সকল )ক্লাব/সংগঠন ,জেলা সদর,খাগড়াছড়ি।
জেলার সকল এনজিও প্রধান ,জেলা সদর,খাগড়াছড়ি।
সাধারণ সম্পাদক,মারমা উন্নয়ন সংসদ,খাগড়াছড়ি।
সাধারণ সম্পাদক,বাংলাদেশ ত্রিপুরা কল্যান সংসদ,খাগড়াছড়ি।
প্রশাসনিক কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।
জনসংযোগ কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।

সদস্য সচিবঃ **মুখ্য নির্বাহী কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।**

- গঠিত কমিটি সকল কার্যক্রম মনিটরিং-তদারকিসহ সার্বিক বিষয়ে সমন্বয় করবেন।

০৪। <u>অন্যান্য সিদ্ধান্তসমূহঃ</u>

১) এ পরিষদের সন্মানিত সকল সদস্যবৃন্দ সার্বিক সহযোগিতা ও সমন্বয় করতঃ আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করবেন।

২) সিভিল সার্জন,খাগড়াছড়ি পার্বত্য জেলা একটি মেডিকেল টীম গঠন পূর্বক (এ্যাম্বুলেন্সসহ) র‍্যালি অনুষ্ঠানে প্রেরণ ব্যবস্থা গ্রহণ করবেন।

৩) ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনষ্টিটিউটের অনুষ্ঠানমালা পার্বত্য জেলা পরিষদের অনুষ্ঠানমালার সাথে সমন্বয় করে পরিচালনা করতে হবে।

৪) র‍্যালিতে পুলিশের বাদক দল প্রেরণ করার জন্য এবং সকল অনুষ্ঠানে আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পুলিশ সুপার,খাগড়াছড়ি -কে অনুরোধ করা হলো।

৫) র‍্যালিতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং স্ব স্ব ঐতিহ্যবাহী পোষাকে অংশগ্রহণ নিশ্চিত করণার্থে বিভিন্ন সামাজিক/সাংস্কৃতিক/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনের বিশেষ দৃষ্টি আকর্ষণ করা হল।

৬) জেলা স্কাউটস এবং রেডক্রিসেন্ট ইউনিট র‍্যালির স্বেচ্ছাসেবক দল গঠন করে যথাযথ পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যান্য সংগঠণ ও সাংগঠনিক ক্লাবের সদস্যগনও আলোচনা করে স্বেচ্ছাসেবক টীম প্রেরনের ব্যবস্থা করবেন।

৭) খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হতে আসন্ন **বৈ সা বি** ও **বাংলা নববর্ষ ১৪৩১ বাংলা** উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় খরচ নির্বাহ করা হবে।

৮)সার্বিকভাবে আইন শৃংখলা পরিস্থিতি রক্ষাকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকল আইন শৃংখলা বাহিনীসহ জেলা প্রশাসন এবং অনলাইন ও প্রিন্ট মিডিয়ার সকল সাংবাদিক/সংবাদকর্মীদের বিশেষভাবে অনুরোধ করা হয়।

৯)জেলা তথ্য কর্মকর্তা-কে অনুষ্ঠানমালা জেলা শহরে প্রচার এবং র‍্যালি অনুষ্ঠানে মাইক সরবরাহের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়।

১০) জেলার বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক র‍্যালিতে অংশগ্রহণের জন্য বিভিন্ন পয়েন্টে গাড়ীর ব্যবস্থা এবং প্রতিষ্ঠানভিত্তিক ব্যানার সরবরাহ পার্বত্য জেলা পরিষদ হতে করা হবে। এ বিষয়ে অত্র পরিষদের সন্মানিত সদস্য জনাব ক্যজরী মারমা(মোবাঃ নং ০১৫৫৬-৭৭৫০৯৯) এবং জনসংযোগ কর্মকর্তা জনাব চিংহলামং চৌধুরী (মোবাঃ নং ০১৫৫৩-৪৭৫৫৪৯) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।

০৫। সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বতঃস্ফূর্তভাবে র‍্যালিতে অংশগ্রহণসহ বিভিন্ন অনুষ্ঠানমালায় উপস্থিত হয়েঅনুষ্ঠানমালা সফল করার উদাত্ত আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/মংসুইপ্রু চৌধুরী)
চেয়ারম্যান,
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।

নং ২৯.২৩৬.০১৮.৩৩.৭৭.০০৫.২০২৪- ৬৮০ তারিখঃ০১ এপ্রিল, ২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলঃ-(পদ মর্যাদা/জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ,রাংগামাটি ।
২. সচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. বিভাগীয় কমিশনার চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
৪. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা, রিজিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫. সেক্টর কমান্ডার ,বিজিবি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্তসচিব,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৯. পুলিশ সুপার , খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. মেয়র,খাগড়াছড়ি পৌরসভা।
১১. চেয়ারম্যান,খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ।
১২. জনাব..........................................................................................আহবায়ক/সদস্য সচিব, সংশ্লিষ্ট উপ কমিটি।
১৩. জেলার বিভাগীয় প্রধান(সকল)..................................................................................... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪. অধিনায়ক,ডিজিএফআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. অধিনায়ক,আর্মি সিকিউরিটি ইউনিট, খাগড়াছড়ি পার্বত্য জেলা। ।
১৬. যুগ্ম-পরিচালক,জেলা এনএসআই, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭. সভাপতি/সম্পাদক..........................................................................................
১৮. জনাব.......................................................................................................

১/৪/২৪
(টিটন খীসা)
নির্বাহী কর্মকর্তা,
পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি।